রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, আগস্ট ৪, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ শ্রাবণ, ১৪৩২/২৪ জুলাই, ২০২৫

**নং ৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১.১৫০।**—ঔষধ ও কসমেটিকস আইন ২০২৩ এর ১২ ধারা মোতাবেক নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে **'ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব কমিটি'** পুনর্গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ০১. | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সভাপতি |
| ০২. | মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর কর্তৃক মনোনীত একজন উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ০৩. | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মনোনীত একজন উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ০৪. | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক মনোনীত একজন উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ০৫. | যুগ্মসচিব, ঔষধ প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ০৬. | অধ্যাপক/সহযোগী অধ্যাপক, ফার্মাকোলজী বিভাগ, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৭. | অধ্যাপক/সহযোগী অধ্যাপক, মেডিসিন বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ, ঢাকা (অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৮. | অধ্যাপক/সহযোগী অধ্যাপক, ফার্মেসী এন্ড ক্লিনিক্যাল ফার্মাকোলজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (উপাচার্য কর্তৃক মনোনীত) | সদস্য |


**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ০৯. | সভাপতি, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন কর্তৃক মনোনীত একজন উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ১০. | সভাপতি, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি কর্তৃক মনোনীত একজন উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ১১. | সভাপতি, বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক মনোনীত একজন উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ১২. | সভাপতি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক মনোনীত একজন উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ১৩. | পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা | সদস্য সচিব |

**স্বার্থের সংঘাত সম্পর্কিত ঘোষণা :**

ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব কমিটি'র সকল সদস্যকে দায়িত্ব গ্রহণের সম্মতি প্রদানের সময়েই সভাপতি বরাবর নির্ধারিত ফরমে এই কমিটির কার্যপরিধির সাথে সংশ্লিষ্ট কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির সাথে তার কোনো ধরণের স্বার্থ জড়িত নেই মর্মে একটি ঘোষণাপত্রে স্বাক্ষর করতে হবে। কোনো বিকল্প সদস্যের সভায় অংশগ্রহণের ক্ষেত্রেও একই শর্ত প্রযোজ্য হবে।

**কার্যপরিধি :**

(ক) নতুন ঔষধ (New Drug) এবং প্রচলিত ঔষধের নতুন আকার (New Dosage Form) ও মাত্রায় (New Strength) ঔষধ সমূহের রেজিস্ট্রেশন সম্পর্কে মতামত প্রদান করা;

(খ) সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গঠিত ঔষধ নিয়ন্ত্রণ কমিটিকে সার্বিক টেকনিক্যাল বিষয়ে সহায়তা প্রদান করা;

(গ) ঔষধ ও কসমেটিকস আইন ২০২৩ এর অধীনে প্রণীত বিধির আওতায় বিজ্ঞপ্তিতে ঔষধের বিষয় সম্পর্কে সুপারিশ/মতামত প্রদান করা; এবং

(ঘ) প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড এর প্রতিনিধিবৃন্দ নিজ বিশেষায়িত ক্ষেত্রে মতামত প্রদান করবেন; এবং

(ঙ) ভ্যাকসিন এবং বিশেষায়িত ঔষধের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে সাব কমিটির সদস্য নন এমন সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের লিখিত মতামত নেয়া যাবে অথবা প্রয়োজনে তাঁদের টেকনিক্যাল সাব কমিটির সভায় উপস্থিত হওয়ার জন্য আমন্ত্রণ করা যাবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**

সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd